



বাংলাদেশ

ଗେଜେଟ

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

ਮਗਲਬਾਰ, ਨਵੰਬਰ ੧੯, ੨੦੦੨

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ବାଣିଜ୍ୟ ମନ୍ତ୍ରମାଲା

ଆମେ

ତାରିଖ, ତଥା ଅନୁଷ୍ଠାନିକ ପରିମାଣ ୧୪୦୯/୧୭୫ ନତେବର ୨୦୦୨

এস. আর. ও নং ৩১৯-আইন/২০০২—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3- এর Sub-section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ১৯৫৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১ এর (খ) অংশে উল্লিখিত শর্তবৃক্ত আমদানিযোগা পণ্যের তালিকার শিরোনামাবীন কলাম-১ এ উল্লিখিত এইচ এস হেডিং নং ৮৫.২৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্টিসমূহের পর নিম্নকল মতুন এইচ এস হেডিং নং এবং এন্টিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

৮৭.০১	সকল	১৬৪৯ সিসি পর্যন্ত
৮৭.০২	এইচ	মোটর কার এবং যে
৮৭.০৩	এস	কোন সিসি এর
৮৭.০৪	কোড	মাইক্রোবাস, মিনি বাস, জীপসহ অন্যান্য পুরাতন যানবাহন এবং ট্রাক্টর।

- (ক) জাহাজীকরণ করার ফেস্টে কোন যানবাহনই চার
বছরের অধিক পুরাতন হইবে না;

(খ) যে দেশে গাড়ী তৈরী হইয়াছে কেবলমাত্র সেই
দেশ (কান্তি অব অরিজিন) হইতে পুরাতন গাড়ী
আমদানি করা যাইবে এবং ততীয় কোন দেশের
মাধ্যমে পুরাতন গাড়ী আমদানি করা যাইবে না;

(গ) জাপান হইতে পুরাতন গাড়ী আমদানির ফেস্টে
জাপান অটো এ্যাপ্রেইজাল ইনষ্টিউট (JAAI)
এবং অন্যান্য দেশে তৈরী পুরাতন গাড়ী
আমদানির ফেতে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত
অটোমোবাইল এর্সোসিয়েশন কর্তৃক গাড়ীর বয়স,
মডেল নম্বর এবং চেসিস নম্বর উল্লেখ সহিত
প্রত্যয়নপত্র তৈর্য পর্যায়ে দাখিল করিতে
হইবে;

(8989)

मूला : टाका १.००

- (স) আমদানিকৃত পুরাতন গাড়ী তৈরীর তারিখ/বয়স নির্ধারণের ক্ষেত্রে গাড়ীর চেসিস তৈরীর তারিখের পরবর্তী বছরের প্রথম দিন হইতে গাড়ী তৈরীর তারিখ/বয়স গণনা শুরু করিতে হইবে;
- (ঙ) জাপান হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া তৈরীর তারিখ নির্ধারিত হইবে;
- (চ) যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশ হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেবারের নিকট হইতে গাড়ী তৈরীর তারিখ/বয়স সম্পর্কে সাটিফিকেট আমদানিকারককে উপস্থাপন করিতে হইবে;
- (ছ) পেট্রোল চালিত গাড়ীর ক্ষেত্রে ক্যাটালাইটিক কনভার্টার এবং ডিজেল চালিত গাড়ীর ক্ষেত্রে ডিজেল পার্টিকুলেট ফিল্টার সংযোজন সম্পর্কে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস, আর, ও নং-২৯ আইন/২০০২ তারিখ ১৬ ফেব্রুয়ারী ২০০২ মোতাবেক কার্যক্রম গ্রহণ করিতে হইবে;
- (জ) দফা (ক) হইতে দফা (ছ) তে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে অনধিক ৪ (চার) বছরের পুরাতন মোটর গাড়ী ও ট্রাইল আমদানি করা যাইবে।"

২। ইহা ১৬ই আষাঢ়, ১৪০৯ বাংলা মোতাবেক ৩০শে জুন, ২০০২ ইংরেজী তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশারুর হোসেন ভুইয়া
উপ-সচিব।